(ঘ) অনুচ্ছেদ ০৩ এ বর্ণিত ক্ষেত্রে ব্যতীত অন্য সকল ক্ষেত্রে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে। The Excises and Salt Act, 1944 অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে আবগারি শুল্ক প্রদেয় হবে। আরো উল্লেখ্য, মূসক ও আবগারি কর-এর বিধান সময় সময়ে পরিবর্তিত হয়। পরিবর্তনের পর পরিবর্তিত রূপ কার্যকর হবে। এ জন্য নিবন্ধিত ব্যক্তিকে হালনাগাদ বিধি-বিধান অনুসরণ করতে হবে।

(ঙ) অনুচ্ছেদ ০৭ এর বক্তব্যের প্রেক্ষিতে বোর্ড যথাশীঘ্র সম্ভব একটি সভা আহ্বান করবে।

[মো: আব্দুল মান্নান পাটোয়ারী]
সদস্য (মূসক)

১৩.২৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
**কার্যবিবরণী**

নথি নং- ৫(২)মূসক- বাস্তঃ সেবা ও আবঃ/২০১১/৯৪(০-৯) তারিখ: ১৯/০৬/২০১১

বিষয় : **লালন শাহ্ (পাকশী) সেতু টোল প্লাজায় আদায়কৃত টোলের ওপর মূসক আরোপ প্রসঙ্গে।**

সূত্র: ১. GSIC-SEL JV এর পত্র নং জি-এস-জেভি/ভ্যাট-এনবিআর/২০১০-২০১১, তারিখ: ১৮/০৪/২০১১ইং।

২. সড়ক ও জনপথ অধিদপ্তরের পত্র নং-৩-এম-২৭/১১-২৪২-ডি,এ, তারিখ: ১২/০৪/ ২০১১ইং।

১২.০৬.২০১১ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক) মহোদয়ের কক্ষে লালন শাহ্ (পাকশী) সেতু টোল প্লাজায় আদায়কৃত টোলের ওপর মূসক আরোপ প্রসঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' এ উল্লেখ করা হলো।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সড়ক ও জনপথ (সওজ), সড়ক বিভাগ, পাবনা কর্তৃক লালন শাহ্ (পাকশী) সেতুর টোল আদায়ের জন্য Operation & Maintenance (O & M) পদ্ধতিতে Operator নিয়োগ করা হয়। উক্ত Operator সরকার কর্তৃক ধার্যাকৃত হারে চুক্তি মোতাবেক যানবাহনের টোল আদায়পূর্বক প্রতি দিনের টাকা পরের দিন (অফিস/ব্যাংকে খোলা থাকলে) Bank Draft/ Pay Order আকারে হস্তান্তর করে। প্রাপ্ত সমুদয় অর্থ সড়ক বিভাগ কর্তৃক রাজস্ব হিসেবে জমা প্রদান করা হয়। আদায়কৃত টোলের হারের সঙ্গে মূসক এর শর্ত বা নির্দেশনা পৃথকভাবে চুক্তিপত্রে না থাকায় মূসক বাবদ টাকা জমা প্রদান করা হয়নি। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী আদায়কৃত টোলের ওপর প্রযোজ্য মূসক আদায়ের লক্ষ্যে ইতিমধ্যে দাবিনামা জারি করা হয়েছে।

সভায় দাবিনামা সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনান্তে দেখা যায়, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং ২০০-আইন/২০১০/৫৪৯-মূসক, তাং- ১০ই জুন, ২০১০ অনুযায়ী আলোচ্য কার্যক্রম "ইজারাদার" সেবার অন্তর্ভুক্ত এবং আদায়কৃত টোলের ওপর ১৫% মূসক প্রযোজ্য। এমতাবস্থায়, লালন শাহ্ (পাকশী) সেতু টোল প্লাজায় ৩০/০৬/২০১০ খ্রিস্টাব্দ পর্যন্ত



আদায়কৃত টোলের ওপর প্রযোজ্য মূসক সড়ক ও জনপথ বিভাগ, পাবনা বকেয়া মূসক অতিরি ২% করসহ কাস্টমস, এক্সাইজ ও মূসক কমিশনারেট, রাজশাহী এর নির্ধারিত কোডে প্রদানযোগ্য।

বাংলাদেশ সড়ক ও জনপথ, সড়ক বিভাগ, পাবনা এর অধীন লালন শাহ্ (পাক সেতুর Toll Collection, Operation & Manitenance এর জন্য কার্যাদেশপ্রাপ্ত প্রতি GSIC - SEL JV কর্তৃক প্রদত্ত সেবার পরিধি ও করভিত্তি সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলো হয়। সার্বিক পর্যালোচনায় দেখা যায়, কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান GSIC - SEL JV কর্তৃক প্র সেবাকে দুটি অংশে ভাগ করা যায়।

(ক) Operating Stuff Cost অংশটি সেবার কোড S০৭২.০০, "মানব সম্প সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান" এর আওতায় সংজ্ঞায়িত এবং উক্ত সেব ওপর ৪.৫% উৎসে মূসক কর্তনযোগ্য।

(খ) রক্ষণাবেক্ষণ ও আপগ্রেডেশন অব কম্পিউটার সিস্টেম, কার্যক্রমটি সেবা কোড S০০৪.০০ "নির্মাণ সংস্থা" আওতায় সংজ্ঞায়িত এবং ৫.৫% হা উৎসে মূসক কর্তনযোগ্য।

**সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ**

(ক) সংগৃহীত টোলের ওপর ইজারাদার হিসাবে ১৫% মূসক অতিরিক্ত ২% করস [সুদসহ] কাস্টমস্, এক্সাইজ ও মূসক কমিশনারেট, রাজশাহী এর নির্ধারি কোডে জমা প্রদানযোগ্য।

(খ) অপারেটিং স্টাফ কস্ট এর ওপর ৪.৫% হারে উৎসে মূসক কর্তনযোগ্য।

(গ) রক্ষণাবেক্ষণ ব্যয় এবং আপগ্রেডেশন অব কম্পিউটার সিস্টেম এর ওপ ৫.৫% হারে মূসক কর্তনযোগ্য।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী অবিলম্বে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধে জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

[মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী]
সদস্য (মূসক)

১৩.২৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
**কার্যবিবরণী**

নথি নং- ৫(৩)মূসক-বাস্তঃ সেবা ও আবঃ/২০১১/১১০(০-৭) তারিখ: ০৩/০৭/২০১১

বিষয় : **বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলা ফোন লি. কর্তৃক সফটওয়্যার সরবরাহ, স্থাপন (ইনস্টলেশন) ও কমিশনিং বাবদ বিল প্রদানকালে মূল্য সংযোজন কর (ভ্যাট) এর হার নির্ধারণ প্রসংগে।**

সূত্র: ১. বাংলাদেশ কৃষি ব্যাংকের পত্র নং-প্রকা/হিসাব-১/৩(১৬)/২০১০-১১/১৭৮১, তাং- ১৮/ ০৫/২০১১ খ্রি.।

১৫.০৬.২০১১ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক) মহোদয়ের কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলা ফোন লি. কর্তৃক সফটওয়্যার সরবরাহ, স্থাপন (ইনস্টলেশন) ও কমিশনিং বাবদ বিল প্রদানকালে মূল্য সংযোজন কর (ভ্যাট) এর হার নির্ধারণ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সদস্য (মূসক) মহোদয় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক' এ উল্লেখ করা হলো। সভাপতি মহাদয় সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন।

বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রেরিত পত্র নং- প্রকা/হিসাব-১/৩(১৬)/২০১০-১১/১৭৮১, তাং- ১৮/০৫/২০১১ খ্রি. এ বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলা ফোন লি. কর্তৃক সফটওয়্যার সরাবরাহ, স্থাপন (ইনস্টলেশন) ও কমিশনিং বাবদ বিল প্রদানকালে মূল্য সংযোজন কর (ভ্যাট) এর হার নির্ধারণ প্রসঙ্গে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক পর্যালোচনায় দেখা যায়:

(ক) **সরাবরাহ:** কম্পিউটার এবং হার্ডওয়্যার সরবরাহ সেবাটি S০৩৭.০০ এর আওতায় "যোগানদার" সেবার সংজ্ঞাভুক্ত এবং উক্ত সেবার বিপরীতে ৪% হারে উৎসে মূসক কর্তনযোগ্য।

(খ) **ইনস্টলেশন (স্থাপন):** কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার বা শুধু হার্ডওয়্যার বা শুধু সফটওয়্যার সরবরাহ দেয়ার পর ইনস্টলেশন (স্থাপন) করতে হয়, যা নতুন স্থাপন অথবা পূর্বে স্থাপনার সাথে সংযুক্তকরণ সংক্রান্ত কাজে হতে পারে। স্থাপন করার পর টেস্টরান করা হয় বা কমিশনিং বলা হয়। এই কাজ পৃথক একটি সেবা, যা সেবা কোড S০০৪.০০ এর আওতায় নির্মাণ সংস্থার সংজ্ঞাভুক্ত। কারণ এখানে অবকাঠামো নির্মাণ বা আবকাঠামোর সাথে সংযোগ করা হচ্ছে। "নির্মাণ সংস্থা" এর আওতায় এ সেবার বিপরীতে ৫.৫% হারে উৎসে মূসক কর্তন করতে হবে।

(গ) মেইনটেনেন্স: টেস্টরান বা কমিশনিং এর পর সিস্টেমটি সংরক্ষণ করার জন্য নির্দিষ্ট মেয়াদে দায়িত্ব দেয়া হয়। এই সেবাটি S০৩১.০০ (পণ্যের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা) এর আওতাভুক্ত। এই সেবার বিপরীতে মূসকের হার ১৫%।

**সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:**

১) কম্পিউটার এবং হার্ডওয়্যার সরবরাহ এর ক্ষেত্রে ৪% উৎসে মূসক কর্তন করতে হবে।

২) ইনস্টলেশন (স্থাপন) এর ক্ষেত্রে ৫.৫% হারে উৎসে মূসক কর্তন করতে হবে।

৩) মেইটেনেন্স এর ক্ষেত্রে ১৫% হারে উৎসে মূসক কর্তন করতে হবে।

সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী অবিলম্বে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

[মো: আব্দুল মান্নান পাটোয়ারী]
সদস্য (মূসক)



১৩.২৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা
[মূসক আইন ও বিধি শাখা]

নথি নং-৭(৭) মূসক-নীতি ও বাজেট/২০০৯/৪৬৭ তারিখ: ১৪/০৬/২০১২

**বিষয়: ব্যাংকিং সেবাখাত কর্তৃক রপ্তানিকারক এবং অন্যান্য গ্রাহককে প্রদত্ত সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জের ওপর মূসক আদায় সংক্রান্ত দিক-নির্দেশনা।**

সূত্র: (১) বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা এর পত্র নং-৪/LTU (মূসক) ১৭০/ব্যাংকিং সেবা/বিবিধ/টিপিএসইউ/০৭/৫২০২, তারিখ: ২০/০৯/২০১১ খৃ:
(২) বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা এর পত্র নং-৪/এলটিইউ-মূসক/সা:-৩/৮৩-১/ন্যাশনাল ব্যাংক/স্থা: রা: অডিট/২০০৬-০৭/১১/১০৩০, তারিখ:২৭/০২/২০১২ খৃ:

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে ব্যাংকিং সেবাখাত কর্তৃক রপ্তানিকারক এবং অন্যান্য গ্রাহককে প্রদত্ত নিম্নোক্ত সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জের ওপর মূল্য সংযোজন কর আরোপযোগ্য কিনা- সে বিষয়ে জানতে চাওয়া হয়েছে, যথা:

(ক) রপ্তানিকারকের Export LC amendment, LC advising, LC cancellation ইত্যাদি অর্থাৎ Export LC open করার পর উক্ত LC সম্পর্কিত কার্যাদির বিপরীতে প্রাপ্ত ফি, কমিশন বা চার্জ;

(খ) রপ্তানি সংক্রান্ত অন্যান্য সেবা, যেমন- LC এর বিপরীতে postage & telephone, telex, SWIFT, সেবা বাবদ আদায়কৃত চার্জ, export decoment handling কমিশন, export bill negotiation কমিশন বা চার্জ, export bill collection ফি বা চার্জ ইত্যাদি নামে Exporter এর নিকট হতে আদায়কৃত কমিশন, ফি বা চার্জ;

(গ) Loan early settlement fee;

(ঘ) Master/VISA Card কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত আয় (income);

(ঙ) বাংলাদেশ ব্যাংক এর নিকট হতে সঞ্চয়পত্র বাবদ প্রাপ্ত কমিশন;

(চ) Interest income, Merchant Commission (Local Acquiring), Income on Inter Change (ATM), Letter of Guarantee (LG), Letter of Credit (LC) Inland, Commission + Service Charge CCS (Consumer Credit Service) এবং Commission on ABP (Acceptable Bill Purchase), Commission on Export Bill, Underwriting Commission, Late Payment of Credit Cards ইত্যাদি রপ্তানি সংশ্লিষ্ট সেবা।

০২। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট আইন, বিধি ও প্রজ্ঞাপনের আলোকে জাতীয় রাজস্ব বোর্ডে পরীক্ষা ও পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য কার্যক্রমসমূহ সেবার কোড এস০৫৬.০০ এর অধীন "ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী" শীর্ষক সেবার আওতাভুক্ত হবে। জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং-১৭৫-আইন/২০১১/৫৯৮-